# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৩১. অযু করা ফরয

باب فَرْضِ الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنِ ابْنِ عَقِيلٍ، عَنْ مُحَمَّدِ ابْنِ الْحَنَفِيَّةِ، عَنْ عَلِيٍّ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " مِفْتَاحُ الصَّلاَةِ الطُّهُورُ وَتَحْرِيمُهَا التَّكْبِيرُ وَتَحْلِيلُهَا التَّسْلِيمُ " .

حسن صحيح ـ

বাংলা

৬১। ’আলী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতের চাবি হচ্ছে পবিত্রতা। ’আল্লাহু আকবার’ বলে সালাত শুরু করার দ্বারা পার্থিব সকল কাজ হারাম হয়ে যায়। আর সালাম ফিরানোর দ্বারা পার্থিব সকল কাজ হালাল হয়।[1]

হাসান সহীহ।

## English

Narrated Ali ibn AbuTalib:

The key to prayer is purification; its beginning is takbir and its end is taslim.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পবিত্রতা হচ্ছে সালাতের চাবিকাঠি, হাঃ ৩, ইমাম তিরমিযী বলেন, এ অনুচ্ছেদে এ হাদীসটি অধিক সহীহ ও উত্তম), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পবিত্রতা সালাতের চাবি, হাঃ ২৭৫), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পবিত্রতা সালাতের চাবিকাঠি, হাঃ ৬৮৭) আহমাদ (১/১২৩, ১২৯)।

সকলেই সুফয়ান সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। তাকবীরে তাহরীমাহ সালাতের অংশসমূহেরই একটি অংশ (জুয)।

২। তাকবীরে তাহরীমাহ ছাড়া সালাত আরম্ভ করা জায়িয নয়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57379

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন